দৈনিক বাংলা

তারিখ 02 DEC 1986 ... পৃষ্ঠা ... 7 ...



# কৃষিঋণের দায়ে ২ শতাধিক স্কুল শিক্ষকের বেতন আটক

(সংবাদদাতা প্রেরিত)

বরগুনা, ১লা ডিসেম্বর।— জেলার ৫টি উপজেলায় প্রায় দু শতাধিক স্কুল শিক্ষকের বেতন কৃষি ঋণের দায়ে আটক করা হয়েছে।

বরগুনা জেলা প্রশাসকের স্মারক নং শিক্ষা/৭/৮৫-৮৬/৮১৪/২৫ তারিখ ১৪-৯-৮৬ ইং এবং বরগুনা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তার স্মারক নং-১০৪৫/১(৭), তাং ২৬-১০-৮৬ পৃথক পৃথক পত্রে যথাক্রমে বরগুনা সমবায় ব্যাংক এবং বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) থেকে যে সকল শিক্ষকগণ কৃষি ঋণ গ্রহণ করেছেন, তাদের ঋণ আদায়ের জন্য শিক্ষকদের বেতন আটকের নির্দেশ দেয়া হয়েছে। ঋণ গ্রহীতা কোন সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক যাতে বেতন না পায় সে ব্যাপারে প্রত্যেক উপজেলা শিক্ষা অফিসারের কাছে কড়াকড়ি নির্দেশ দেয়া হয়েছে।

আমন ধান আসার পূর্ব মুহূর্তে এ সকল দরিদ্র শিক্ষকদের বেতন বন্ধ করায় তারা তাদের ছেলে মেয়ে নিয়ে বিপাকে পড়েছেন।

প্রেসিডেন্টের নির্দেশ মোতাবেক ১০ (দশ) হাজার টাকা পর্যন্ত কৃষি ঋণের সুদ মওকুফ করে দেয়ার ফলে প্রত্যেকেই আমন ধান উঠলে ঋণ পরিশোধের প্রস্তুতি নিচ্ছেন। এ সময় বেতন বন্ধ করায় তারা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন বলে শিক্ষকগণ অভিযোগ করেছে।